অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/5/2025 **গভর্নর ক্যাথি হোকল**

ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করা: গভর্নর HOCHUL নিউ ইয়র্ক স্টেটের ফার্স্ট রেস্পন্ডার মেন্টাল হেলথ চাহিদা মূল্যায়নের ফলাফল প্রকাশ করলেন

এধরণের প্রথম এই মূল্যায়ন থেকে দেখা যায় যে অর্ধেকের বেশি ফার্স্ট রেস্পন্ডার উচ্চমাত্রার স্ট্রেস, বার্নআউট এবং মেন্টাল হেলথ চ্যালেঞ্জে ভুগে থাকে

12 ফেব্রুয়ারি সিরাকিউজের NYS Emergency Management Association-এর বার্ষিক কনফারেন্সে DHSES এবং SUNY New Paltz ফলাফল উপস্থাপন করবে

আইন শৃঙ্খলা রক্ষাকারী এবং ফ্রন্টলাইনে কর্মীদের জন্য সাপোর্টিভ সেবা বাড়াতে গভর্নর Hochul-এর চলমান চেষ্টার উপর ভিত্তি করে হচ্ছে

6,000-এর বেশি রেস্পন্ডার অংশগ্রহণ করেছে; সম্পূর্ণ মূল্যায়নটি পড়ুন এখানে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে নিউ ইয়র্কের (New York) ফার্স্ট রেস্পন্ডার মেন্টাল হেলথ চাহিদার মূল্যায়নের (first responder mental health needs assessment) ফলাফল প্রকাশ করলেন। জননিরাপত্তা খাতে কাজ করা ব্যক্তিরা যেসব মেন্টাল হেলথ সম্পর্কিত চ্যালেঞ্জের মুখোমুখি হয় তা আরো ভালোভাবে বুঝতে এবং এইসব প্রফেশনালদের জন্য প্রোগ্রাম ও সেবা জোরদার করতে মূল্যায়নটি তৈরি করা হয়েছে। স্টেটের প্রতিটি অঞ্চলের আইন শৃঙ্খলা রক্ষাকারী, জরুরি মেডিকেল সেবা, দমকল সেবা, জরুরী যোগাযোগ এবং জরুরি ম্যানেজমেন্টের 6,000-এর বেশি ব্যক্তি একটি ভলান্টারি বেনামি জরিপ পূরণ করেছে, এবং এরপর পাঁচটি ফলো আপ ফোকাস গ্রুপ আলোচনার আয়োজন করা হয়েছে। মূল্যায়নে দেখা গেছে যে অংশগ্রহণকারীদের অর্ধেকের বেশি মানুষ তাদের চাকরির সাথে সম্পর্কিত উচ্চমাত্রার স্ট্রেস, বার্নআউট, অ্যাংজাইটি এবং ডিপ্রেশনে ভোগে, এবং সামাজিক বদনামের ভয়ে তারা হয়তো সাহায্য নিচ্ছেন না। 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) নিউ ইয়র্কের ফার্স্ট রেস্পন্ডারদের সুরক্ষা ও সমর্থন দিতে নতুন উদ্যোগ ঘোষণা করেছেন, যার মধ্যে আছে রেস্পন্ডার কমিউনিটিকে সমর্থন করার জন্য বিশেষভাবে প্রস্তুত হওয়া মেন্টাল হেলথ প্রফেশনালদের একটি সাস্টেনেবল পাইপলাইন তৈরি করার জন্য একটি ফার্স্ট রেস্পন্ডার কাউন্সেলিং স্কলারশিপ প্রোগ্রাম (first responder counseling scholarship program) শুরু করা।

"আমাদের কমিউনিটিগুলোকে রক্ষা করার দায়িত্বের ডাকে সাড়াদান করতে আমাদের ফার্স্ট রেস্পন্ডাররা ব্যাপকভাবে কাজ করে, তাদের সুস্থতাই আমাদের সামগ্রিক শক্তিকে প্রকাশ করে, এবং তাদের সমর্থন করার জন্য আমাদেরকে সম্ভব সবকিছু করতে হবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমাদের ফার্স্ট রেস্পন্ডারদের মধ্যে মেন্টাল হেলথ সঙ্কট আরো ভালোভাবে সামাল দিতে সাহায্য করার জন্য আমি ফার্স্ট রেস্পন্ডার মেন্টাল হেলথ চাহিদার মূল্যায়ন শুরু করেছিলাম, এবং কেয়ারের প্রতিবন্ধকতা দূর করতে এবং তাদের প্রয়োজনীয় রিসোর্স তাদেরকে দিতে থাকার জন্য আমি অঙ্গীকারবদ্ধ।"

ফার্স্ট রেস্পন্ডাররা যে অনন্য মেন্টাল হেলথ চ্যালেঞ্জের মুখোমুখি হয় তা বুঝতে পেরে গভর্নর Hochul (হোকল) একাধিক নতুন উদ্যোগ ঘোষণা করেছেন যার উদ্দেশ্য হলো ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন ও সুরক্ষা দেওয়া। State University of New York-এর (SUNY) মাধ্যমে একটি ফার্স্ট রেসপন্ডার কাউন্সেলিং স্কলারশিপ প্রোগ্রাম শুরু করার প্রস্তাব গভর্নর Hochul (হোকল) দিয়েছেন যা রেস্পন্ডার কমিউনিটির সাথে পরিচিত কাউন্সেলরের ঘাটতির কারণে কেয়ারে যে শূন্যস্থান আছে তা পূরণ করতে সাহায্য করবে। আর্থিক প্রতিবন্ধকতাগুলো প্রায় উদ্ধারকর্মীদের কাউন্সেলিং ডিগ্রি অর্জনে বাধা প্রদান করে, সাংস্কৃতিকভাবে সক্ষম মানসিক স্বাস্থ্য পেশাদারদের প্রাপ্রতা সীমাবদ্ধ করে। এই উদ্যোগটি কাউন্সেলিং ডিগ্রি অর্জনকারী উদ্ধারকর্মীদের সহায্য করবে এবং নিরাময়-কেন্দ্রিক যত্ন ও পারস্পরিক সহায়তামূলক নেতৃত্বের ক্ষেত্রে মাইক্রো-ক্রেডেনশিয়াল অফার করবে। বৃত্তি সহায়তার মিনিময়ে, গ্রাহকগণ নিউ ইয়র্ক স্টেটে পরামর্শদাতা হিসেবে কাজ করার প্রতিশ্রুতিবদ্ধ হবেন, উদ্ধারকর্মী দলকে সাহায্য করার জন্য ব্যতিক্রমভাবে সজ্জিত মানসিক স্বাস্থ্য পেশাদারদের একটি টেকসই পাইপলাইন তৈরি করবেন।

গভর্নর Hochul (হোকল) এছাড়াও বুঝেন যে স্টাফের ঘাটতির কারণে ফার্স্ট রেস্পন্ডারদের মেন্টাল হেলথের চ্যালেঞ্জ বাড়তে পারে। সেজন্য তিনি তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটে প্রস্তাব করেছেন যে জননিরাপত্তার কাজে নিয়োগ দেওয়ার ক্ষেত্রে সেকেলে বাঁধা দূর করা হোক যার কারণে জননিরাপত্তা এজেন্সিগুলির যোগ্য প্রার্থীদের আকৃষ্ট করার ক্ষমতা সীমিত হয়ে আছে, যা মূল্যবান অভিজ্ঞতাসহ ব্যক্তিদের বাদ দেয় এবং স্টাফের ঘাটতি আরো খারাপ করে। যোগ্য প্রার্থীদের জন্য সুযোগ বাড়াতে গভর্নর Hochul (হোকল) অকুপেশনাল স্ট্যান্ডার্ডকে আধুনিক করবেন। এর মধ্যে রয়েছে নিউ ইয়র্ক স্টেট পুলিশের অবসর গ্রহণের বয়স বৃদ্ধি করে 63 বছর করা এবং আইন প্রয়োগকারী সংস্থায় নিয়োগের জন্য 35-বছর বয়সী সর্বোচ্চ বয়সের সীমাবদ্ধতার অপসারণ করা, সেইসাথে নিউ ইয়র্কের বাসিন্দাদের সংশোধন কর্মকর্তা পদের জন্য আবেদন করার অনুমতি প্রদান করা। এই পরিবর্তনগুলো নিশ্চিত করবে যে এজেন্সিগুলো আবেদনকারীদের বিস্তৃত ও আরো বৈচিত্র্যময় পুল থেকে আবেদন করতে পারবে।

বেমানান ট্রেনিং প্রোগ্রাম এবং অগ্রগতির সীমিত সুযোগের কারণে অনেক নিউ ইয়র্কবাসী জননিরাপত্তা বিষয়ক ক্যারিয়ার গড়তে বাধার মুখোমুখি হয়। গভর্নর Hochul (হোকল) জননিরাপত্তা প্রশিক্ষণ কর্মসূচির জন্য একাডেমিক ক্রেডিট প্রদান এবং এই ক্রেডিটগুলোকে ডিগ্রি পাথওয়েতে অন্তর্ভুক্ত করার জন্য SUNY এবং সিটি ইউনিভার্সিটি অব নিউ ইয়র্ক (City University of New York, CUNY) এর সাথে সহযোগিতা করবেন। এই প্রচেষ্টাগুলো জননিরাপত্তা ক্যারিয়ারে আরো প্রার্থীদের আকৃষ্ট করবে এবং বর্তমানে জননিরাপত্তায় কর্মরতদের জন্য অগ্রগতির সুযোগ প্রদান করবে।

নিউ ইয়র্ক স্টেটের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেসের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার Jackie Bray (জ্যাকি ব্রে) বলেন, "দায়িত্ব পালনের সময় ফার্স্ট রেস্পন্ডাররা প্রতিদিন ট্রমাপূর্ণ পরিস্থিতির সামনে পড়েন, যার কারণে মেন্টাল হেলথ সমস্যা হয় যা তাদের ব্যক্তিগত ও পেশাদার জীবনকে প্রভাবিত করে। এই মূল্যায়নটি আমাদেরকে তারা যে বিশেষ সমস্যার মুখোমুখি হয় সে ব্যাপারে গুরুত্বপূর্ণ ইনসাইট দিয়েছে এবং এইসব স্ট্রেস ম্যানেজ করার জন্য তাদের যে রিসোর্স প্রয়োজন তা দিতে আমাদেরকে সাহায্য করবে।"

নিউ ইয়র্ক স্টেটের অফিস অফ মেন্টাল হেলথের (Office of Mental Health, OMH) কমিশনার Dr. Ann Sullivan (ডাঃ অ্যান সালিভ্যান) বলেন, "চাকরির কারণে আমাদের ফার্স্ট রেস্পন্ডাররা সাধারণত যে চরম স্ট্রেস ও সামগ্রিক ট্রমার অভিজ্ঞতা পায় তা বুঝতে পারা হলো বার্নআউট এবং তারা অন্যান্য যেসব মন্দ প্রভাবের শিকার হয় তা সমাধান করার জন্য আমাদের সবথেকে প্রথম কাজ। এই জরিপ এবং এর পরের ফোকাস গ্রুপ আলোচনা আমাদেরকে অতি গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে যা ফার্স্ট রেস্পন্ডার কমিউনিটি এবং তাদের পরিবারের মেন্টাল হেলথ চাহিদা সমর্থন করতে আমাদের চেষ্টার ক্ষেত্রে পরামর্শ দিবে।"

রিপোর্টের মূল ফলাফলের কয়েকটি হলো:

- ফার্স্ট রেস্পন্ডারদের তিন ভাগের দুই ভাগের বেশি (68 শতাংশ) **স্ট্রেসে** ভুগছে, এর পর আছে **বার্নআউট** (59 শতাংশ) এবং **অ্যাংজাইটি** (52 শতাংশ)।
- ফার্স্ট রেস্পন্ডারদের একটি বড় অংশ রিপোর্ট করেছে যে তাদের মেন্টাল হেলথ রোগ **ডিপ্রেশনের** সাথে জড়িত লক্ষণ দেখা দিয়েছে (53 শতাংশ) এবং আনুমানিক প্রতি দশ জনের মধ্যে 4 জন ফার্স্ট rরেস্পন্ডারের মেন্টাল হেলথ রোগ **PTSD-এর** সাথে জড়িত লক্ষণ দেখা দিয়েছে।
- ফার্স্ট রেস্পন্ডারদের মধ্যে 16 শতাংশ **আত্মহত্যার চিন্তার** কথা রিপোর্ট করেছে, যা নিউ ইয়র্ক স্টেটের সাধারণ জনসংখ্যার তুলনায় চারগুণ বেশি।
- 90 শতাংশের বেশি রিপোর্ট করেছে যে **ব্যক্তিগত থেরাপি, দম্পতি এবং পারিবারিক থেরাপি, এবং পিয়ার সাপোর্ট গ্রুপের** মতো সেবা ফার্স্ট রেস্পন্ডারদের মেন্টাল হেলথ উন্নত করতে সাহায্য করবে, যদি তারা ফ্রি হয় এবং সহজে পাওয়ার সুযোগ থাকে।
- তবে, 80 শতাংশ রিপোর্ট করেছে যে **সামাজিক বদনাম** হলো সাহায্য চাওয়ার ব্যাপারে একটি বড় বাঁধা, এবং 78 শতাংশ বলেছে যে সাহায্য প্রয়োজন তা বুঝতে না পারাই একটি বাধা, এবং সেই সাথে 75 শতাংশ রিপোর্ট করেছে যে ফার্স্ট রেস্পন্ডারদের চাহিদা বুঝতে পারে এমন মেন্টাল হেলথ সেবাদানকারী ঘাটতি থাকা একটি বাঁধা। পাশাপাশি, 72 শতাংশ গোপনীয়তা নিয়ে দুশ্চিন্তার কথা রিপোর্ট করেছে।
- অন্যান্য ফার্স্ট রেস্পন্ডার পেশার তুলনায় **ইমার্জেন্সি যোগাযোগ কর্মীদের** স্ট্রেসের কারণ এবং মেন্টাল হেলথ প্রভাবের রেটিং ছিলো সর্বোচ্চ।

SUNY New Paltz-এর Benjamin Center-এর এডুকেশন প্রোজেক্টসের ডিরেক্টর Robin Jacobowitz (রবিন জ্যাকবউইজ) বলেন, "পুরো নিউ ইয়র্ক স্টেটের 6,000-এর বেশি ফার্স্ট রেস্পন্ডারের প্রতি আমরা আমাদের গভীর কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই যারা এই স্টাডির জন্য

নিজেদের সময় ও ইনসাইট দিয়েছেন। আমরা জানি যে মেন্টাল হেলথের ব্যাপারে কথা বলা সবসময় সহজ হয় না, বিশেষ করে পেশাদারি প্রসঙ্গে। আপনাদের ধারণা, অভিজ্ঞতা, ও চ্যালেঞ্জ নিয়ে আলোচনা করার ব্যাপারে আপনাদের ইচ্ছা এই অতি গুরুত্বপূর্ণ বিষয়টিকে প্রকাশ করেছে এবং এটি নিউ ইয়র্কের ফার্স্ট রেস্পন্ডারদের জন্য সমর্থনের কাঠামো কে উন্নত করতে ইন্টারএজেন্সি, পুরো স্টেটের চেষ্টাকে আরো বাড়িয়ে দিবে।"

SUNY New Paltz-এর Institute for Disaster Mental Health (IDMH)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর Amy Nitza (এমি নিটজা) বলেন, "এই মূল্যায়ন শুধু ফার্স্ট রেস্পন্ডারদের কাজ তাদের উপর যে ব্যাপক চাপ সৃষ্টি করে তার প্রকাশ করেনি, বরং এছাড়াও তাদের প্রয়োজনীয় সাহায্য পেতে তাদের যে উল্লেখযোগ্য বাঁধার মুখোমুখি হতে হয় তাও তুলে ধরেছে। রেস্পন্ডারসহ পুরো নিউ ইয়র্ক স্টেটে আমাদের পার্টনারদের সাথে সহযোগিতা করার জন্য IDMH অঙ্গীকারবদ্ধ, যাতে এইসব বাঁধা দূর করা যায় এবং নিশ্চিত করা যায় যে আমাদের সকল ফার্স্ট রেস্পন্ডারদের কাছে সেই সমর্থন ও কেয়ার পাওয়ার সুযোগ আছে যা তাদেরকে নিজেদের কমিউনিটিকে ভালোভাবে সেবা দিয়ে যেতে দেয়।"

নিউ ইয়র্ক সত্যের ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস এই মূল্যায়নটির কমিশন করেছে এবং এটি সম্পাদন করেছে State University of New York New Paltz-এর Institute for Disaster Mental Health এবং Benjamin Center।

গভর্নর Hochul (হোকল) গত এপ্রিলে মেন্টাল হেলথ কেয়ারের ধারাবাহিকতা ঢেলে সাজাতে তার 1 বিলিয়ন মার্কিন ডলারের সার্বিক একাধিক বছরের পরিকল্পনার অংশ হিসেবে জরিপের শুরু ঘোষণা করেন, এবং DHSES মে মাসে প্রাথমিক ফলাফল তুলে ধরে। মূল্যায়নের প্রাথমিক ফলাফলে দেখা যায় যে যারা জরিপটিতে অংশ নিয়েছে তার মধ্যে 80 শতাংশের কাজের কারণে বাড়ির জীবনে মন্দ প্রভাবের অভিজ্ঞতা হয়েছে, এবং 79 শতাংশ শারীরিক স্বাস্থ্যে মন্দ প্রভাব রিপোর্ট করেছে এবং 72 শতাংশ পারিবারিক সম্পর্কে সমস্যার কথা জানিয়েছে।

জরিপের ফলাফল হিসেবে নিউ ইয়র্ক স্টেট সুস্থতার চেষ্টার অনেক ব্যাপার সনাক্ত ও অগ্রসর করতে কাজ করছে। যেমন, তার 2025 সালের স্টেট অফ দ্য স্টেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) অনেকগুলি প্রস্তাবনা প্রকাশ করেছেন যার উদ্দেশ্য হলো ফার্স্ট রেস্পন্ডারদের সমর্থন করা, এর মধ্যে একটিতে আছে SUNY-এর মাধ্যমে ফার্স্ট রেসপন্ডার কাউন্সেলিং স্কলারশিপ প্রোগ্রাম শুরু করা। পাশাপাশি, নিউ ইয়র্ক স্টেটের ফার্স্ট রেস্পন্ডারদের জন্য সুস্থতা সম্পর্কিত ট্রেনিং সুযোগ সনাক্ত করা ও দেওয়ার জন্য DHSES, অফিস অফ মেন্টাল হেলথ এবং অন্যান্য এজেন্সিগুলি ধারাবাহিকভাবে কাজ করে যাচ্ছে। এছাড়াও মেন্টাল হেলথ প্রফেশনালদের জন্য ফার্স্ট রেস্পন্ডার সাংস্কৃতিক যোগ্যতার বিষয়ে একটি ট্রেনিং তৈরির জন্যও DHSES এবং OMH পার্টনারশিপ করছে।

ফার্স্ট রেস্পন্ডারদের সাহায্য করার জন্য মেন্টাল হেলথ রিসোর্স
মেন্টাল হেলথ সমস্যায় ভুগতে থাকা ফার্স্ট রেস্পন্ডাররা বিদ্যমান বেশ কয়েকটি রিসোর্স থেকে সাপোর্ট চাইতে পারে।

সব থেকে গুরুত্বপূর্ণ হলো, আত্মহত্যার চিন্তা করতে থাকা বা অন্য যেকোনো ধরণের মেন্টাল হেলথ সঙ্কটের মুখোমুখি হওয়া ব্যক্তিরা স্টেটের 988 সুইসাইড অ্যান্ড ক্রাইসিস লাইফলাইনে (Suicide & Crisis Lifeline) ফোন, টেক্সট বা চ্যাট করতে পারবে। 988 সম্পূর্ণ ফ্রি, গোপনীয় এবং 24/7 খোলা থাকে। এটি OMH-এর পরিচালিত, সেবার প্রয়োজনে থাকা বা হটলাইন সম্পর্কে আরো জানতে চাওয়া যেকোনো ব্যক্তি তাদের ওয়েবসাইট https://omh.ny.gov/omhweb/crisis/988.html ভিজিট করতে পারবে।

পাশাপাশি, OMH-এর সুইসাইড প্রিভেনশন সেন্টার (Suicide Prevention Center) CARES UP নামের একটি উদ্যোগ পরিচালনা করে যার মূল একটি উদ্দেশ্য হলো আইন শৃঙ্খলা রক্ষাকারী, দমকল কর্মী, জরুরি সেবা কর্মী এবং ভেটেরানদের মেন্টাল হেলথ ও সুস্থতা উন্নত করা। আরো জানুন https://nycaresup.com-এ।

DHSES স্টেটের ডিজেস্টার মেন্টাল হেলথ রেস্পন্স (Disaster Mental Health Response) বড় করতে OMH-এর সাথে কাজ করছে, এটি দুর্যোগ এবং অন্যান্য সঙ্কটের পরিস্থিতির কারণে প্রভাবিত ব্যক্তি ও রেস্পন্ডারদের ক্রাইসিস কাউন্সেলিং এবং অন্যান্য মেন্টাল হেলথ সেবা দেওয়ার জন্য প্রফেশনালদের স্টেট ও স্থানীয় দল এবং ভলান্টিয়ারদের নিয়ে গঠিত হয়েছে।

ফার্স্ট রেস্পন্ডার এবং অন্যান্য জননিরাপত্তা কর্মীদের আরো ভালোভাবে স্ট্রেস সনাক্ত, বুঝতে, এবং ম্যানেজ করতে সাহায্য করার জন্য একটি ম্যানেজিং স্ট্রেস ওয়ার্কফোর্স (Managing Stress Workforce) তৈরি করতে SUNY New Paltz-এর Institute for Disaster Mental Health-এর সাথে DHSES কাজ করেছে। প্রথমে DHSES কর্মীদের জন্য তৈরি ওয়ার্কশপগুলিকে অন্যান্য স্টেট ও স্থানীয় এজেন্সিকে যুক্ত করার জন্য বড় করা হয়েছে। এছাড়াও পিয়ার সাপোর্ট টিমের (Peer Support Team) ট্রেনিংকে সমর্থন করতে DHSES State Preparedness Training Center (SPTC)-এ ট্রেনিংকে বড় করেছে। পিয়ার সাপোর্ট টিম এমন ব্যক্তিদের নিয়ে গঠিত হয়েছে যারা প্রয়োজনমতো তাদের পিয়ারদের ইমোশনাল, সামাজিক, এবং প্র্যাকটিক্যাল সমর্থন দেওয়ার জন্য বিশেষ ট্রেনিং পেয়েছে। ব্যক্তিদের চাকরি সম্পর্কিত চাপ সামাল দিতে এবং সঙ্কটময় ঘটনার পরবর্তীতে সাহায্য করতে জননিরাপত্তা সংগঠনের মধ্যে পিয়ার সমর্থন দল প্রায়ই ব্যবহৃত হয়। এছাড়াও DHSES একটি পিয়ার সাপোর্ট টিম তৈরি করার প্রক্রিয়া চালাচ্ছে যা এজেন্সির স্টাফ এবং সম্ভব হলে অন্যান্য ফার্স্ট রেস্পন্ডার অর্গানাইজেশনের জন্য একটি রিসোর্স হিসেবে কাজ করবে। কী কী ট্রেনিং রয়েছে সে সম্পর্কে আরো তথ্য DHSES-এর ওয়েবসাইটে পাওয়া যাবে।

স্টেট ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস সম্পর্কে

ডিভিশন অফ হোমল্যান্ড সিকিউরিটি অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস দুর্যোগ এবং অন্যান্য ইমার্জেন্সি প্রতিরোধ করতে, এগুলি থেকে সুরক্ষা দিতে, সাড়াদান, পুনরুদ্ধার, এবং প্রশমন করতে নেতৃত্ব, কোঅর্ডিনেশন, এবং সমর্থন প্রদান করে। আরো তথ্যের জন্য, Facebook, Instagram এবং X-এ @NYSDHSES-কে অনুসরণ করুন, অথবা ভিজিট করুন https://www.dhses.ny.gov।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন